# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 14-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় সাম্প্রতিক হিংসাত্মক ঘটনার পর সেখানে বলবৎ ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ নম্বর ধারার মেয়াদ আরও তিনদিন বাড়ানো হয়েছে।

এদিকে, মহেশতলা যেতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

২) সব আইন মেনেই রাজ্যে অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্তদের তালিকা তৈরির কাজ হয়েছে বলে রাজ্য ওবিসি কমিশন জানিয়েছে।

৩) কলকাতা হাইকোর্ট মন্দারমনিতে সমুদ্র সৈকত দখল করে গড়ে ওঠা বে-আইনী হোটেল ও রিসর্ট ভাঙার জাতীয় পরিবেশ আদালতের নির্দেশের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশের মেয়াদ বৃদ্ধি করেছে।

৪) যাত্রীদের সুবিধার্থে জলপাইগুড়ি রোড ও শিয়ালদার মধ্যে আজ নতুন একটি ট্রেন পরিষেবা চালু হতে চলেছে।

৫) রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে দ্বিতীয় কিস্তির টাকা যারা হাতে পেয়েছেন আগস্ট মাসের মধ্যে তাদের বাড়ি তৈরির কাজ শেষ করার ব্যবস্থা নিতে জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৬) অনুকূল পরিবেশ তৈরি হওয়ায় আগামী ২-৩ দিনের মধ্যে রাজ্যের বেশ কিছু অংশে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করবে।

এদিকে, সামুদ্রিক মাছ ধরার ওপর ২ মাসের নিষেধাজ্ঞার মেয়াদ আজ মধ্যরাতে শেষ হচ্ছে।

oooooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় সাম্প্রতিক হিংসাত্মক ঘটনার পর সেখানে বলবৎ ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ নম্বর ধারার মেয়াদ আরও তিনদিন বাড়ানো হয়েছে। বুধবার গোষ্ঠী সংঘর্ষে উত্তপ্ত মহেশতলায় আলিপুর সদর মহকুমা শাসক এই ধারা বলবৎ করেন। গতকাল পর্যন্ত তা বলবৎ ছিল, কিন্তু বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে তা আরও তিনদিন বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে।

মহেশতলা ও পার্শ্ববর্তী এলাকায় পরিস্থিতি এখনও থমথমে। তবে, ধীরে ধীরে তা স্বাভাবিক ছন্দে ফিরছে। গতকাল দোকানপাট কিছু খুললেও, বেশিরভাগই ছিল বন্ধ। রাস্তাঘাটে লোক সংখ্যা অবশ্য ছিল আগের তুলনায় বেশি। এলাকায় পুলিশী টহল চলেছে।

এদিকে, মহেশতলা যেতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিরোধী দনেতা শুভেন্দু অধিকারী। সোমবার এই আবেদনের জরুরি শুনানির অনুমতি দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। বিরোধী দলনেতা, একজন বিধায়ককে নিয়ে মহেশতলা, রবীন্দ্রনগর থানা এলাকার আক্রান্তদের সঙ্গে দেখা করতে চান । পুলিশ সুপারের কাছে তিনি এজন্য আবেদন করেছিলেন আগেই। কিন্তু সন্ধেতে শুভেন্দু অধিকারীর সেই আবেদন নাকচ করেন এসপি। তারপরই হাইকোর্টের দ্বারস্থ হন বিরোধী দলনেতা।

অন্যদিকে, মহেশতলায় সাম্প্রতিক হিংসাত্মক ঘটনায় উস্কানি ও ষড়যন্ত্র রয়েছে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম দাবী করেছেন। তিনি গতকাল সাংবাদিকদের বলেন, মুর্শিদাবাদেও এই ধরণের ষড়যন্ত্র করা হয়েছিল।

মহেশতলায় পুলিশ গন্ডোগোল নিয়ন্ত্রণে ব্যর্থ বলে বিরোধীদের অভিযোগ খারিজ করে দেন ফিরহাদ। তিনি বলেন, ঘটনার খবর পেয়েই সঙ্গে সঙ্গে বহু পুলিশ কর্মী সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আইন যে নিজের হাতে তুলে নিতে চাইবে, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও ফিরহাদ সতর্ক করে দেন।

এদিকে, মহেশতলায় যাওয়ার পথে প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দলকে পুলিশ গতকাল আটকে দেয়। রবীন্দ্রনগর থানা থেকে প্রায় এক কিলোমিটার আগে ব্যারিকেড দিয়ে তাঁদের আটকানো হয়। এই নিয়ে তাঁরা পুলিশের সঙ্গে বাগবিতন্ডায় জড়িয়ে পড়েন। দীর্ঘক্ষণ আটকে থাকার পর ফিরে যেতে হয় দলটিকে।

ooooooooooooooooooooooo

সব আইন মেনেই রাজ্যে অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্তদের তালিকা তৈরির কাজ হয়েছে বলে রাজ্য ওবিসি কমিশন জানিয়েছে। কমিশনের চেয়ারম্যান অসীম ব্যানার্জি কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন এর ফলে শিক্ষা ও চাকরি ক্ষেত্রে যে সমস্যা তৈরি হয়েছিল তা কেটে গিয়েছে।

সংরক্ষণের ক্ষেত্রেও আর কোন অসুবিধা থাকবে না। কমিশন এখনও ৪৮টি জনগোষ্ঠীকে নিয়ে জনশুনানির কাজ করছে বলেও তিনি জানান। এই নিয়ে কোন অভিযোগ থাকলে বিভ্রান্তি মূলক প্রচার না করে রিভিউ এর জন্য সরাসরি কমিশনে আবেদন করার পরামর্শ দেন ওবিসি কমিশনের চেয়ারম্যান ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাজের পরিধি বৃদ্ধি হওয়ায় কমিশনের কাজকে সুষ্ঠ ভাবে এগিয়ে নিয়ে যেতে রাজ্য সরকার রাজ্য সংখ্যালঘু কমিশনে একটি সদস্য পদ বৃদ্ধি করেছে। বিধানসভায় গতকাল এই সংক্রান্ত 'দি ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ কমিশন' সংশোধনী বিলের উপরে জবাবী ভাষনে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন বর্তমানে কমিটিতে চেয়ারপার্সন আহমেদ হাসান এর নেতৃত্বে একজন ভাইস চেয়ারপার্সন সহ মোট বারো জন সদস্য রয়েছেন। কিন্তু কমিশনের কাজ বৃদ্ধি পাওয়ায় আরও একটি ভাইস চেয়ারপার্সন পদ তৈরি করা হল। ফলে কমিটির সদস্য সংখ্যা বেড়ে হল ১৩।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কৃষি মন্ত্রক, বাগিচা ক্ষেত্রকে আবহাওয়া ভিত্তিক ফসলবীমা যোজনার আওতায় আনায় উত্তরবঙ্গের প্রায় ৫০ হাজার ক্ষুদ্র চা চাষি উপকৃত হবেন। মন্ত্রকের তরফে ইতিমধ্যেই রাজ্য সরকারকে চিঠি দিয়ে বীমার আওতায় আনার কথা জানিয়ে দেওয়া হয়েছে। কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, আগামী খরিফ মরসুম থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে। বাগিচা ফসলের পাশাপাশি পাম ও নারকেল কেও এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। অতিবৃষ্টি, অনাবৃষ্টি, খরা, বন্যা, ও রোগ পোকার হামলায় ক্ষতিগ্রস্থরা এই প্রকল্পে সহায়তা পাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা বর্তমান সরকারের আমলে প্রায় তিন গুণ বেড়েছে বলে রাজ্যের নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ মন্ত্রী শশী পাঁজা জানিয়েছেন। বিধানসভায় গতকাল এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে তিনি জানান,পূর্বতন বামফ্রন্ট জমানায়

২০১১ সালে রাজ্যে মোট অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা ছিল ১৯ হাজার ৫৮৬। তৃণমূল কংগ্রেস সরকারের গত ১৪ বছরের শাসনকালে সেই সংখ্যা বেড়ে হয়েছে ৬৩ হাজার ৪১০।

শিশুদের পুষ্টি, স্বাস্থ্য পরীক্ষা এবং প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদানে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির পরিকাঠামো ও পরিষেবারও উল্লেখযোগ্য উন্নতি হয়েছে বলেও মন্ত্রী দাবি করেন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী ১২ জুলাই উত্তরবঙ্গের বহু প্রতীক্ষিত কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের উদ্বোধন করতে পারেন। আইনমন্ত্রী মলয় ঘটক গতকাল বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে একথা জানিয়েছেন। আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলালের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, ওই দিন কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের আনুষ্ঠানিক উদ্বোধন করার পরিকল্পনা রয়েছে। তবে আলিপুরদুয়ারে নতুন আদালত কবে চালু হবে সেটা সম্পূর্ণভাবে হাইকোর্টের উপরে নির্ভর করছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, মন্দারমণিতে সমুদ্রসৈকত দখল করে গড়ে ওঠা বেআইনি হোটেল ও রিসর্ট ভাঙার 'জাতীয় পরিবেশ আদালতে'র নির্দেশের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশের মেয়াদ বৃদ্ধি করেছে। বিচারপতি অমৃতা সিন্‌হা, আগামী ২৬শে সেপ্টেম্বর পর্যন্ত এই স্থগিতাদেশ বহাল থাকবে বলে নির্দেশ দিয়েছে। ১১ জুলাই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, বিচারপতি সিন্‌হা মামলার শুনানির সময় রাজ্য ও কেন্দ্র উভয়ের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেছেন, একদিকে রাজ্য যেমন হোটেল ব্যবসায়ীদের পাশে রয়েছে অন্যদিকে কেন্দ্র তেমন কিছুই বলছেনা। সবপক্ষের সহযোগিতা না পেলে মামলার নিষ্পত্তি করা যাবে না বলে বিচারপতি সিনহা মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাসপোর্ট জালিয়াতি মামলায় জেল হেফাজতে থাকা পাকিস্তানী নাগরিক আজাদ মল্লিক ওরফে আজাদ হোসেনের বিরুদ্ধে ইডি বিশেষ চার্জশিট পেশ করেছে। ৮০ পৃষ্ঠার ওই চার্জশিট ও চার হাজার পৃষ্ঠার নথি গতকাল সিবিআই-এর বিশেষ আদালতে পেশ করা হয়। আজাদ ২০১৩-য় বাংলাদেশ থেকে এদেশে ঢুকে উত্তর ২৪ পরগনায় কয়েকজন দালালের সাহায্যে জাল নথি দিয়ে ভোটার-আধার ও প্যান কার্ড তৈরি করান। তারপর তিনি নিজেই বাংলাদেশী অনুপ্রবেশকারীদের জাল নাগরিকত্ব নথি পাসপোর্ট ও ভিসার ব্যবসা শুরু করেন। তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে প্রায় ৫০ কোটি টাকার হদিশ মিলেছে।

এদিকে, বাংলাদেশী যুবক নিউটন দামের নাম কাকদ্বীপের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে প্রশাসন। কিভাবে তাঁর নাম ভোটার তালিকায় উঠলো, সেই নিয়ে সরেজমিনে তদন্ত করছে নির্বাচন কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রেল সংযোগ বৃদ্ধি এবং যাত্রীদের ভ্রমণ সুবিধা উন্নত করার লক্ষ্যে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি রোড এবং শিয়ালদহের মধ্যে নতুন একটি ট্রেন পরিষেবা আজ চালু হতে চলেছে। জলপাইগুড়ি রোড স্টেশনে দুপুর ২'টোয় এর উদ্বোধন করা হবে।

আগামীকাল ভোর চারটেয় এটি শিয়ালদা পৌঁছবে। নতুন ট্রেন নিয়মিত পরিষেবা শুরু হবে বিশে জুন থেকে।

প্রতি শুক্রবার রাত ১১ টা ৪০ মিনিটে শিয়ালদহ থেকে যাত্রা শুরু করে পরের দিন বেলা ১২ টায় ট্রেনটি পৌঁছাবে জলপাইগুড়ি। ফিরতি পথে প্রতি শনিবার রাত সাড়ে ৮'টায় ট্রেন ছেড়ে পরের দিন সকাল ৮ টা ১০-এ তা' শিয়ালদহ পৌঁছাবে।

জলপাইগুড়ি ও শিয়ালদহের মধ্যে সরাসরি এই ট্রেন চালু হলে, উত্তর ও দক্ষিণ বঙ্গের মধ্যে যোগাযোগ আরো বাড়বে বলে আশা করা হচ্ছে। বিসশেষভাবে উপকৃত হবেন পর্যটক, শিক্ষার্থী ও ব্যবসায়ীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কালিনারায়ণপুর – শান্তিপুর সেকশনে চতুর্থ লাইন চালুর উদ্দেশে কালনারায়ণপুর স্টেশনে আগামী সোমবার ভোর চারটে পর্যন্ত মোট ৫৬ ঘণ্টা নন ইন্টারলকিং-এর কাজের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কারণে আজ এবং আগামীকাল ওই সেকশন দিয়ে চলাচলকারী বেশকিছু ট্রেনের সময়সূচী পরিবর্তন ও যাত্রা সংক্ষিপ্ত করা হচ্ছে বলে রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ির ময়নাগুড়ি ভোটপট্টী অঞ্চলে বিকশিত কৃষি সংকল্প অভিযানে খরিপ চাষের প্রযুক্তির ব্যবহার নিয়ে চলছে প্রচারাভিযান। রামসাই কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে ১৫ দিন ব্যাপী এই অভিযানে প্রতিটি ব্লকের স্বনির্ভর গোষ্ঠীর সদস্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সঙ্গে কৃষি বিজ্ঞানীরা চাষে ব্যবহৃত বিভিন্ন প্রযুক্তি নিয়ে আলাপ-আলোচনা করেন। চাষিদের উৎসাহিত করতে আয়োজন করা হয় ভাওয়াই গানেরও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, 'বাংলার বাড়ি' প্রকল্পে যারা দ্বিতীয় কিস্তির টাকা হাতে পেয়েছেন, আগষ্ট মাসের মধ্যে তাদের বাড়ি তৈরির কাজ শেষ করার জন্যে ব্যবস্থা নিতে প্রশাসনকে নির্দেশ দিয়েছে।
মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল বিভিন্ন জেলাশাসকের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে এই মর্মে নির্দেশ দেন। প্রয়োজনে প্রতিটি ব্লকে ছোট ছোট দল তৈরি করে বাড়ি বাড়ি গিয়ে কাজের পর্যালোচনা করার নির্দেশ দেন তিনি।

oooooooooooooooooooooooooooo

অনুকূল পরিবেশ তৈরি হওয়ায় আগামী ২-৩ দিনের মধ্যে রাজ্যের বেশ কিছু অংশে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে, বঙ্গোপসাগর থেকে জলীয়বাষ্প প্রবেশ করায় রাজ্যের বেশ কিছু জেলায় আগামী দু তিনদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্প্ং , জলপাইগুড়ি , কোচবিহার, আলিপুরদুয়ার এবং উত্তর দিনাজপুর জেলায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি কার হয়েছে।

কলকাতা, দুই ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর , ঝাড়গ্রাম, হাওড়া, নদীয়া ও মুর্শিদাবাদ জেলাতেও আগামী দু তিন দিন বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টির সম্ভাবনা। কমবে তাপমাত্রার পারদও। দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরে জারি করা হয়েছে হলুদ সতর্কতা।

কলকাতায় ও পার্শ্ববর্তী এলাকায় গতকালও দফায় দফায় বৃষ্টি হয়। আজ সকাল সাড়ে ৬-টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ২ দশমিক ৬ মিলিমিটার। তবে, বৃষ্টিতে তাপমাত্রার বিশেষ হেরফের হয়নি। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা প্রায় দেড় ডিগ্রী বেশি।

এদিকে, ১৭ ই জুন মঙ্গলবার থেকে পশ্চিমবঙ্গ ওড়িশা উপকূলে ঘণ্টায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড় হাওয়া বয়ে যেতে পারে। মৎস্যজীবীদের ওইদিন থেকে সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooooo

দু' মাসের নিষেধাজ্ঞা শেষে আজ মধ্যরাত থেকে শুরু হতে চলেছে সামুদ্রিক মাছ শিকার। সুন্দরবনের কাকদ্বীপ, নামখানা, ফ্রেজারগঞ্জ, সীতারামপুর, রায়দিঘি, সাগরের বন্দরে ও ঘাটে ঘাটে এখন শেষ মুহূর্তের প্রস্তুতি তুঙ্গে। মৎস্যজীবী ট্রলারগুলি বরফ, জ্বালানি তেল, খাবার মজুত করে সমুদ্রে রওনা দেওয়ার অপেক্ষায়।

এবার প্রায় ২ হাজার মৎস্যজীবী ট্রলার সমুদ্রে পাড়ি দেবে বলে মৎস্যজীবী ইউনিয়ন সূত্রে জানা গেছে। এবারও মৎস্যজীবীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রত্যেকের জীবন বীমা করে দেওয়া হয়েছে। ট্রলারগুলিতে ইসরোর প্রযুক্তিতে ট্রান্সপন্ডার বসানো হয়েছে।

উল্লেখ্য, ইলিশ সহ সামুদ্রিক মাছের প্রজননের জন্য মৎস্যদপ্তর, গত ১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত সবরকম সামুদ্রিক মাছ শিকারের ওপর নিষেধাজ্ঞা জারি করে। সেই নিষেধাজ্ঞার মেয়াদ ই শেষ হচ্ছে আজ মধ্যরাতে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo